# সিলেট বোর্ড-২০১৭

অর্থনীতি- দ্বিতীয় পত্র বিষয় কোড : | ১ | ১ | ০ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান: ৭০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

**১.▶** ব্রিটিশ ও পাকিস্তান শাসক গোষ্ঠীর ধ্বংসাত্মক কর্মকাণ্ডে এদেশের অর্থনীতি মেরুদণ্ডহীন হয়েছিল। আর তাই ধ্বংসস্তূপ থেকে উঠে আসতে বাংলাদেশকে অনেক পিছিয়ে পড়তে হয়েছে। যার ফলে বাংলাদেশে শিল্পোন্নয়নসহ সামগ্রিক উন্নয়ন ব্যাহত হয়েছে।

ক. বাংলাদেশ ও মায়ানমারের সীমানার দৈর্ঘ্য কত কি.মি.? ১

খ. বাংলাদেশের ভৌগোলিক অবস্থান ব্যাখ্যা করো। ২

গ. 'ব্রিটিশ সরকারের ঔপনিবেশিক শাসন ও শোষণ নীতিই বাংলাদেশের অর্থনৈতিক অনগ্রসরতার মূল কারণ'— উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে, পাকিস্তান আমলে বাংলাদেশের শোষণ, বঞ্চনা ও অর্থনৈতিক বৈষম্যের সংক্ষিপ্ত ইতিহাস বিশ্লেষণ করো। ৪

**২.▶** রাজু শিক্ষিত চাষি। পূর্বে তার জমি থেকে পর্যাপ্ত উৎপাদন হতো না। কিন্তু বর্তমানে রাজু ঐ জমিতে সারা বছরই বিভিন্ন শস্য ও সবজি উৎপাদন করে। এছাড়া তিনি উন্নত যন্ত্রপাতি, বীজ এবং তথ্য প্রযুক্তির সমন্বয়ে কৃষি উৎপাদন বাড়িয়েছেন। তাই আরো ১ বিঘা জমি ভাড়া নিয়ে ফসল, শস্য ও সবজি চাষের পরিধি বাড়াবেন বলে সিদ্ধান্ত নিয়েছেন।

ক. কৃষি কী? ১

খ. কৃষির উপখাতগুলো কী কী? ২

গ. রাজুর একই জমিতে বিভিন্ন ধরনের শস্য চাষাবাদ কোন ধরনের উৎপাদন পদ্ধতি নির্দেশ করে— ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের কৃষি উন্নয়নের ক্ষেত্রে রাজুর গৃহীত পদ্ধতিসমূহের গুরুত্ব ব্যাখ্যা করো। ৪

**৩.▶** বাংলাদেশে প্রাকৃতিক দুর্যোগ 'সিডর'-এর কারণে বাগেরহাট ও সাতক্ষীরাসহ নিম্নাঞ্চল প্লাবিত হয় এবং জলাবদ্ধতাসহ লবণাক্ততা বৃদ্ধি পায়। তাই বিশেষজ্ঞগণ লবণাক্ত ও জলাবদ্ধ অঞ্চলের জন্য বিভিন্ন কৃষি প্রযুক্তি আবিষ্কার করেন। যার সাহায্যে এই ভয়াবহ অবস্থা থেকে উত্তোরণের পথ উন্মুক্ত হয়।

ক. কৃষিপণ্য বিপণন কী? ১

খ. কৃষি ঋণের উৎসগুলো কী কী? ২

গ. অনুচ্ছেদের আলোকে বাংলাদেশে বৈশ্বিক উষ্ণতা ও কৃষি প্রযুক্তিতে জলবায়ু পরিবর্তনের প্রভাব ব্যাখ্যা করো। ৩

ঘ. বিদ্যমান সংকট উত্তরণে তোমার সুপারিশ প্রদান করো। ৪

**৪.▶** নাবিলা একজন নারী উদ্যোক্তা। আগে তিনি নিজে ঘরে বসে হাতে তৈরি বিভিন্ন পণ্য তৈরি করে বাজারে বিক্রি করতেন। বর্তমানে তার পণ্যের চাহিদা বেড়ে যাওয়ায় তার স্বামীও তাকে সহযোগিতা করেন। তিনি অধিক উৎপাদনের জন্য ১০ জন মহিলা শ্রমিক নিয়োগ দিয়েছেন। তার প্রতিষ্ঠানটির মূলধন প্রায় ৫ লক্ষ টাকা। বর্তমানে তার পণ্যের চাহিদা দেশের সীমানা ছাড়িয়ে অন্যান্য দেশেও ব্যাপৃত।

ক. শিল্প কী? ১


খ. দেশের উন্নয়নে আমদানি বিকল্প শিল্প স্থাপন প্রয়োজন কেন? ২

গ. নাবিলার প্রতিষ্ঠানটি কোন ধরনের শিল্প নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে নাবিলার প্রতিষ্ঠিত শিল্পের গুরুত্ব ব্যাখ্যা করো। ৪

http://teachingbd.com

৫. ▶




ক. জনসংখ্যার ঘনত্ব কী? ১

খ. কীভাবে মানবসম্পদ তৈরি করা যায়? ২

গ. উদ্দীপকের চিত্রটি কোন তত্ত্বের সাথে সামঞ্জস্যপূর্ণ? তত্ত্বটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উল্লিখিত রেখাচিত্রের b এবং c এর ব্যবধান দূর করা যায় কীভাবে— বিশ্লেষণ করো। ৪

৬. ▶ বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে প্রাকৃতিক দুর্যোগের পাশাপাশি কৃষি ও শিল্প উৎপাদনে নানা রকম কারণে মানুষ নদীর বাঁধ এবং পাকা সড়কের উপরে আশ্রয় নেয়। রাসায়নিকের ব্যবহার বেড়েই চলছে। সরকার বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে দেখছে।

ক. নিরাপদ খাদ্য কী? ১

খ. মজুদের উপর খাদ্য নিরাপত্তা নির্ভর করে, ব্যাখ্যা করো। ২

গ. খাদ্য নিরাপত্তা বিঘ্নিত হওয়ার কারণ কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে কী করা উচিৎ বলে তুমি মনে কর? ৪

Teachingbd.com

৭. ▶ বিভাবতী একটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান। জনাব জামির ঐ প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক। তিনি বিদ্যালয় সম্প্রসারণ ও অবকাঠামো নির্মাণের জন্য সমাজের বিত্তবান লোকের কাছে আর্থিক সহযোগিতার জন্য আবেদন জানান। অতি সম্প্রতি দেশের জনৈক বিত্তবান ব্যক্তি ৪ কোটি টাকা খরচ করে ভবন নির্মাণ করে দেন। সরকারের ICT মন্ত্রণালয় শিক্ষার আধুনিক সরঞ্জাম সরবরাহ করেন। সরকারি বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান শিক্ষার্থীদের লেখাপড়ার ক্ষেত্রে নগদ অর্থ সহায়তাসহ বিভিন্ন অনুদান প্রদান করেন। শিক্ষার্থীরা লেখাপড়ায় খুবই অগ্রগামী। ফলে বিভাবতী দেশের শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানের সুনাম অর্জন করেছে।

ক. অর্থায়ন কী? ১


খ. প্রাথমিক শেয়ার ও সেকেন্ডারি শেয়ারের পার্থক্য দেখাও। ২

গ. বিভাবতী শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নে কোন উৎস থেকে অর্থায়ন হয়— ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত অর্থায়নের উৎসগুলোর পার্থক্য বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

৮. ▶ চিত্রটি লক্ষ কর:-




ক. সূচক সংখ্যা কী? ১

খ. রপ্তানি বৃদ্ধি কীভাবে মুদ্রাস্ফীতি সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২

গ. চিত্র অনুযায়ী মুদ্রাস্ফীতির পরিমাণ নির্ণয় করো। ৩

ঘ. চিত্রে উল্লিখিত মুদ্রাস্ফীতির কারণ বিশ্লেষণ করো। ৪

৯. ▶ প্রত্যেকটি উন্নয়নশীল দেশের মতো বাংলাদেশও তার বৈদেশিক বাণিজ্য বাড়ানোর চেষ্টা করে। উন্নয়নের জন্য বিভিন্ন ধরনের পদক্ষেপ নিয়ে থাকে। বিভিন্ন দেশের সাথে সম্পর্ক স্থাপন করে জনশক্তি, পণ্যসামগ্রী রপ্তানির চেষ্টা করে। আবার বিভিন্ন বন্ধু-প্রতীম দেশ ও দাতা সংস্থা থেকে আর্থিক সহায়তা নিয়ে উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনা করে।

ক. আন্তর্জাতিক বাণিজ্য কী? ১

খ. অপ্রচলিত রপ্তানি পণ্য বলতে কী বোঝায়? ২

গ. বাংলাদেশের রপ্তানি পণ্যের তালিকা তৈরি করো। ৩

ঘ. বাংলাদেশের প্রেক্ষাপটে বৈদেশিক বাণিজ্য ও বৈদেশিক সাহায্যের কোনটি বেশি গুরুত্বপূর্ণ? যুক্তি দাও। ৪

১০. ▶




ক. সরকারি অর্থব্যবস্থা কী? ১

খ. মুসক বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের আলোকে সরকারের আয়ের উৎসসমূহ চিহ্নিত করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে সরকারের ব্যয় বৃদ্ধির গুরুত্ব ব্যাখ্যা করো। ৪

১১. ▶ জনাব কামাল অর্থনীতির ক্লাসে বললেন, দেশে জীবনযাত্রার মান উন্নয়ন, দারিদ্র্য বিমোচন ও নানাবিধ উন্নয়নের জন্য সরকার বিভিন্ন মেয়াদি পরিকল্পনা গ্রহণ করে থাকে। তবে দেশের প্রকৃত অর্থনৈতিক উন্নয়ন নির্ভর করে পরিকল্পনাগুলো বাস্তবায়নের উপর।

ক. উন্নয়ন পরিকল্পনা কী? ১

খ. পঞ্চবার্ষিকী পরিকল্পনা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের আলোকে উন্নয়ন পরিকল্পনার সময়ভিত্তিক শ্রেণিবিভাগ ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের গুরুত্ব ব্যাখ্যা করো। ৪

Teachingbd.com

সময় — ৩০ মিনিট　　পূর্ণমান — ৩০　　অর্থনীতি দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা　　বিষয় কোড: | ১ | ১ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. বাংলাদেশে কেন পাহাড়ি অঞ্চলে চা উৎপাদন হয়?**
ক) বৃষ্টিপাত বেশি হয়　খ) শ্রমিক সস্তা
গ) মাটি উর্বর　ঘ) উদ্যোক্তার পছন্দ

**২. SDG কী?**
ক) Sustainable Development Goals
খ) Super Development Goal
গ) Super Democratic Goal
ঘ) Super Demographic Goal

**৩. বাংলাদেশের আঞ্চলিক সমুদ্রসীমা কত?**
ক) ১০ নটিক্যাল মাইল
খ) ১২ নটিক্যাল মাইল
গ) ২০ নটিক্যাল মাইল
ঘ) ২২ নটিক্যাল মাইল

**৪. কোন দেশে সর্বপ্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ করা হয়?**
ক) চীন　খ) জাপান
গ) রাশিয়া　ঘ) জার্মানী

**৫. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের উপায় কোনটি?**
ক) ফটকা কারবার নিয়ন্ত্রণ
খ) ভোগ্য ঋণ নিয়ন্ত্রণ
গ) কর হ্রাস
ঘ) ঋণপত্র বিক্রয়

**৬. কোনোরূপ সুবিধা ছাড়াই সরকারকে যে অর্থ দেওয়া হয় তাকে কী বলে?**
ক) ফি　খ) সুদ
গ) কর　ঘ) ঋণ

**৭. মুদ্রাস্ফীতি দ্বারা কে লাভবান হয়?**
ক) উৎপাদনকারী　খ) ভোক্তা
গ) সরকার　ঘ) দরিদ্র জনগণ

**৮. কোনটি বিশেষায়িত ব্যাংক?**
ক) রূপালী ব্যাংক　খ) জনতা ব্যাংক
গ) কৃষি ব্যাংক　ঘ) প্রাইম ব্যাংক

**৯. মুদ্রাস্ফীতির সময় স্থির আয়ের জনগণের সঞ্চয়ের উপর কী প্রভাব পড়ে?**
ক) বৃদ্ধি পায়　খ) হ্রাস পায়
গ) অপরিবর্তিত থাকে　ঘ) দ্রুত বৃদ্ধি পায়

**১০. আদর্শ খাদ্য বলতে কোন খাদ্য বোঝায়?**
ক) দামি খাদ্য
খ) আমদানিকৃত খাদ্য
গ) রুচিকর খাদ্য
ঘ) পুষ্টিকর ও নিরাপদ খাদ্য

**নিচের উদ্দীপকের আলোকে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও:**
কীটনাশকের অপরিমিত ব্যবহার বৃদ্ধি পাওয়ায় শীতকালীন শাকসবজির উৎপাদন বৃদ্ধি পেয়েছে। কিন্তু নিরাপদ খাদ্যের অভাব দেখা দিয়েছে।

**১১. খাদ্য নিরাপত্তা হলো—**
i. পর্যাপ্ত খাদ্য সরবরাহ
ii. নিরাপদ খাদ্য　iii. দামি খাদ্য
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) ii ও iii
গ) i ও iii　ঘ) i, ii ও iii

**১২. খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে কী ব্যবস্থা নেওয়া যেতে পারে?**
i. কীটনাশকের পরিমিত ব্যবহার
ii. উৎপাদন বৃদ্ধি　iii. দামি খাদ্য ক্রয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) ii ও iii
গ) i ও iii　ঘ) i, ii ও iii

**১৩. সাধারণত কোন ব্যাংক থেকে দীর্ঘমেয়াদি ঋণ পাওয়া যায়?**
ক) বাণিজ্যিক ব্যাংক　খ) সমবায় ব্যাংক
গ) কেন্দ্রীয় ব্যাংক　ঘ) বিনিয়োগ ব্যাংক

**১৪. কাম্য জনসংখ্যার সূত্র কোনটি?**
ক) $M = \frac{O - A}{O}$　খ) $M = \frac{A - O}{O}$
গ) $M = \frac{O}{O - A}$　ঘ) $M = \frac{O}{A - O}$

**১৫. PPP এর পূর্ণরূপ কী?**
ক) Public Private Preparation
খ) Public Private Partnership
গ) Public Private Procurement
ঘ) Public Private Privilege

**১৬. প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা কোন সালে গৃহীত হয়?**
ক) ১৯৭৩　খ) ১৯৭৫
গ) ১৯৮১　ঘ) ১৯৮৫

Teachingbd.com
http://teachingbd.com

১৭. ZPG কী?
ⓚ Zero Population Growth
ⓛ Zero Percent Growth
ⓜ Zero Popular Growth
ⓝ Zest Populated Growth

**নিচের উদ্দীপকের আলোকে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও:**

বৃদ্ধ আব্দুল জব্বার বললেন এই জীবনে তিন দেশের নাগরিক হলাম কিন্তু ঘর ছেড়ে কোথাও গেলাম না।

**১৮. আব্দুল জব্বার কোন তিন দেশের নাগরিক ছিলেন?**
ⓚ বাংলাদেশ, ভারত ও বার্মা
ⓛ বাংলাদেশ, পাকিস্তান ও নেপাল
ⓜ বাংলাদেশ, ভারত ও পাকিস্তান
ⓝ বাংলাদেশ, নেপাল ও বার্মা

**১৯. আব্দুল জব্বারের বিভিন্ন দেশে নাগরিক হওয়ার কারণ কী?**
ⓚ কর্মসংস্থান ⓛ অভিবাসন
ⓜ দেশ বিভক্তি ⓝ নাগরিকত্ব বাতিল

**নিচের উদ্দীপকের আলোকে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও:**

রবিনের কারখানায় কোনো ভাড়া করা শ্রমিক নাই।

**২০. রবিনের কারখানা কোন শিল্পের অন্তর্গত?**
ⓚ কুটিরশিল্প ⓛ ক্ষুদ্র শিল্প
ⓜ মাঝারি শিল্প ⓝ বৃহৎ শিল্প

**২১. রবিনের কারখানায় নিয়োজিত মূলধনের পরিমাণ কীরূপ?**
ⓚ ৫ লক্ষ টাকার কম ⓛ ৫-১০ লক্ষ টাকা.
ⓜ ১০-১৫ লক্ষ টাকা
ⓝ ২৫ লক্ষ টাকার উর্ধ্বে

**নিচের উদ্দীপকের আলোকে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও:**

মিরাজ সাহেব মূল্যস্তর বেশি হওয়ার কারণে বেশি টাকায় অল্প বাজার করতে পারলেন।

**২২. উদ্দীপকের এই অবস্থাকে কী বলে?**
ⓚ মুদ্রাস্ফীতি
ⓛ মুদ্রা সংকোচন
ⓜ অস্থিতিশীল বাজার
ⓝ খরচ বৃদ্ধি

**২৩. বাজারে এই অবস্থা সৃষ্টির কারণ কী?**
ⓚ মুদ্রা সরবরাহ বৃদ্ধি
ⓛ মুদ্রার মূল্য বৃদ্ধি
ⓜ মুদ্রার সরবরাহ হ্রাস
ⓝ দ্রব্যের উৎপাদন বৃদ্ধি

**নিচের উদ্দীপকের আলোকে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও:**

রফিক সাহেব কোম্পানি থেকে ৫,০০০ টাকার শেয়ার ক্রয় করলেন। পক্ষান্তরে, শফিক সাহেব শেয়ারবাজার থেকে একই কোম্পানির ৫,০০০ টাকার শেয়ার ক্রয় করলেন।

**২৪. রফিক সাহেবের শেয়ার কোন ধরনের?**
ⓚ প্রাথমিক ⓛ সেকেন্ডারি
ⓜ টারশিয়ারি ⓝ বোনাস

**২৫. শফিক সাহেবের শেয়ার রফিক সাহেবের শেয়ারের চেয়ে—**
ⓚ নিরাপদ ⓛ ঝুঁকিপূর্ণ
ⓜ সমান ঝুঁকিপূর্ণ ⓝ বেশি লাভজনক

**২৬. তৈরি পোশাক শিল্পে নিয়োজিত মহিলা শ্রমিকের হার কত?**
ⓚ ৬০% ⓛ ৭০%
ⓜ ৮০% ⓝ ৯০%

**২৭. রপ্তানি বৃদ্ধিতে যে ব্যবস্থা নেওয়া যেতে পারে—**
i. রপ্তানি আয়ের উপর কর রেয়াত
ii. রপ্তানি ঋণ বৃদ্ধি iii. খাদ্যদ্রব্য আমদানি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓜ i ও iii ⓝ i, ii ও iii

**নিচের উদ্দীপকের আলোকে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও:**

'ক' দেশের মোট জনসংখ্যা ১৮ কোটি এবং আয়তন ১ লক্ষ ৪৭ হাজার বর্গকিলোমিটার।

**২৮. 'ক' দেশের জনসংখ্যার ঘনত্ব কত?**
ⓚ ১০০০ ⓛ ১২০০
ⓜ ১২২৪ ⓝ ১৩২৪

**২৯. জনসংখ্যার ঘনত্বের উপর মন্তব্য করো।**
ⓚ ঘনত্ব বেশি ⓛ ঘনত্ব কম
ⓜ স্বাভাবিক ঘনত্ব ⓝ খুবই কম ঘনত্ব

**৩০. ADP কী?**
ⓚ Annual Development Programme
ⓛ Annual Development Planning
ⓜ Asian Development Programme
ⓝ Agricultural Development Plan

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ক | ৩ | খ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ক | ৮ | গ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ক | ২১ | ক | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ক |

Teachingbd.com